# এইচ এস সি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ড এর জন্য)

## সমাজকর্ম দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ২ |

সময় ঃ ২ ঘণ্টা ৩০ মিনিট — পূর্ণমান—৭০

*দ্রিষ্টব্য : দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ দিয়ে পড় এবং সংশ্লিষ্ট প্রশ্নগুলোর যথাযথ উত্তর দাও। মোট সাতটি প্রশ্নের উত্তর দাও।।*

১. একই প্রতিষ্ঠানের কর্মরত রানা ও মিতুর মধ্যে মধুর সম্পর্ক তৈরি হয়। একপর্যায়ে তারা আজীবন একসঙ্গে থাকার সিদ্ধান্ত নেয়। পরে অভিভাবকদের সম্মতিতে সামাজিক, ধর্মীয় ও আইনের মাধ্যমে তাদের মধ্যে চুক্তি সম্পন্ন হয়। ফলে তারা স্থায়ীভাবে একসঙ্গে বসবাস শুরু করে। বর্তমানে দুই মেয়ে নিয়ে তারা সুখে বসবাস করছে।

ক. সমাজের ক্ষুদ্রতম সংগঠনের নাম কী? ১

খ. পরিবার বলতে কী বোঝায়? ২

গ. রানা ও মিতুর মধ্যে সম্পাদিত চুক্তির নাম কী? ব্যাখ্যা করো। ৩

ঘ. উক্ত চুক্তিবলে গঠিত সামাজিক প্রতিষ্ঠানটির কার্যাবলি আলোচনা করো। ৪

২. ▶ ১৪ বছরের রহিমা গৃহকর্মীর কাজ করা অবস্থায় মালিকের নির্যাতনের শিকার হয়। নির্যাতন সইতে না পেরে রহিমা মালিককে কুপিয়ে খুন করে আদালতে দোষী সাব্যস্ত হলে ফাঁসি না দিয়ে তাকে সংশোধন কেন্দ্রে পাঠানো হয়। গাজীপুরের কোনাবাড়িতে অবস্থিত সংশোধনাগারে সে একজন প্রবেশন অফিসারের অধীনে চিকিৎসাধীন আছে।

ক. সংশোধন কী? ১

খ. প্রবেশন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির উদ্দেশ্য লেখো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত রহিমাকে মানসিক চিকিৎসা দিতে সমাজকর্মী সমাজকর্মের যে পদ্ধতি ব্যবহার করেন তার ২টি উপাদান বর্ণনা করো। ৪

https://teachingbd24.com

৩. ★ সুদখোর মহাজনদের হাত রক্ষা করতে জনাব 'ক' এক আর্থিক প্রতিষ্ঠান চালু করেন। তিনি ভূমিহীন ও দরিদ্র কৃষকদের মাঝে স্বল্প সুদে ঋণদান শুরু করেন। বিনা জামানতে ঋণ গ্রহণ করে তারা এখন স্বাবলম্বী। প্রতিষ্ঠান এবং তার প্রতিষ্ঠাতা আন্তর্জাতিক পুরস্কার লাভ করে।

ক. ব্র্যাকের প্রতিষ্ঠাতা কে? ১

খ. বেসরকারি সংস্থা বলতে কী বোঝায়? ২

গ. জনাব 'ক' ড. মুহম্মদ ইউনুসের আদর্শের অনুসারী, ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত প্রতিষ্ঠানটির কার্যক্রম লেখো। ৪

৪. ▶ ইরাকে মার্কিন হামলায় হাজার হাজার বেসামরিক লোক নিহত হয়। এতিম হয় হাজার হাজার শিশু। যুদ্ধবিধ্বস্ত শিশু ও আহতদের জন্য সাহায্যের হাত বাড়িয়ে দেয় একটি আন্তর্জাতিক সংস্থা। অবশ্য যুদ্ধের ভয়াবহতা থেকেই একসময় জন্ম হয়েছিল আন্তর্জাতিক সংস্থাটির। জেনেভা সম্মেলনের মাধ্যমে সংস্থাটি আত্মপ্রকাশ করার পর এটি আর্তমানবতার সেবার লক্ষ্য নিয়ে কাজ করে যাচ্ছে।

ক. N.G.O –এর পূর্ণরূপ কী? ১

খ. আন্তর্জাতিক সংস্থা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে কোন আন্তর্জাতিক সংস্থার ইঙ্গিত দেয়া হয়েছে? সংস্থাটির পরিচয় তুলে ধর। ৩

ঘ. বাংলাদেশে উক্ত সংস্থার কার্যক্রম লেখো। ৪

৫. ★ ভূমিহীন কৃষক রফিক মিয়ার সংসারে অভাব-অনটন লেগেই থাকে। অর্থাভাবে তার পরিবারের ৬ সদস্যের মুখে তিন বেলা খাবার যোগাতে পারে না। পাশাপাশি তিনি তাঁর ছেলেমেয়েদের বিদ্যালয়ে পাঠাতে পারেনি। আবার তিনি তার অসুস্থ স্ত্রীকে চিকিৎসা করাতে পারেননি।

ক. মৌলিক চাহিদা কী? ১

খ. সামাজিক চাহিদা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের রফিক মিয়ার পরিবারে কোন কোন চাহিদা পূরণ হচ্ছে না? ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত চাহিদাগুলো পূরণের পথে অন্তরায়/বাধাগুলো আলোচনা করো। ৪

Teachingbd24.com

৬. ▶ দীর্ঘদিন বিদেশে থাকার পর জনাব 'ক' বাংলাদেশে আসেন। ঢাকার কমলাপুর, গাবতলী, বিমানবন্দর প্রভৃতি স্থানে ঘুরে তিনি দেখতে পান, অসংখ্য শিশু স্টেশনে রাত্রিযাপন করে। তাদের পরণে ছেঁড়া-ময়লা কাপড়। মন ভালো করার জন্য টিভি, সিনেমা ইত্যাদির কোনো ব্যবস্থা নেই।

ক. শিশু কারা? ১

খ. সামাজিক সমস্যা বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে ২টি মৌল মানবিক চাহিদার উল্লেখ আছে, যা থেকে শিশুরা বঞ্চিত। চাহিদা দু'টির বর্ণনা দাও। ৩

ঘ. উদ্দীপকের আলোকে বাংলাদেশে মৌল মানবিক চাহিদার বর্তমান অবস্থা বর্ণনা করো। ৪

৭. ▶ ফারিয়া বেগম ঢাকা বিশ্ববিদ্যালয়ের সমাজকর্ম বিভাগ থেকে পাশ করে একটি সরকারি হাসপাতালের সমাজসেবা বিভাগে চাকরি করেন। চাকরি সূত্রে তাকে মাঝে মধ্যে গ্রামে যেতে হয়। সেখানে তিনি নারীদের স্বাস্থ্য ও জনসংখ্যা বিষয়ে প্রশিক্ষণ দেন।

ক. RSS কী? ১

খ. শহর সমাজসেবা বলতে কী বোঝায়? ২

গ. ফারিয়া বেগম সরকারের যে কার্যক্রমে কাজ করেন তার ব্যাখ্যা দাও। ৩

ঘ. ফারিয়া বেগমের কার্যক্রম, কথা ও প্রশিক্ষণ প্রদানের গ্রামের মহিলারা কীভাবে উপকৃত হবেন তা আলোচনা করো। ৪

৮. ★ আব্দুল মজিদ একটি প্রতিষ্ঠানে চাকরি করেন। প্রতিষ্ঠানটি ১৯৭১ সালে স্বাধীনতা যুদ্ধের পটভূমিতে প্রতিষ্ঠিত হয়। প্রতিষ্ঠানটি বর্তমানে আন্তর্জাতিক পর্যায়ে কাজ করছে। প্রতিষ্ঠানটির প্রতিষ্ঠাতা ইংল্যান্ডের নাইট উপাধিতে ভূষিত হন।

ক. UCDP –এর পূর্ণরূপ কী? ১

খ. প্রবীণ বলতে কাদেরকে বোঝায়? ২

গ. উদ্দীপকে কোন প্রতিষ্ঠানের কথা বলা হয়েছে? ব্যাখ্যা করো। ৩

ঘ. গ্রামীণ মহিলাদের আর্থ-সামাজিক উন্নয়নে উল্লিখিত প্রতিষ্ঠানটির ভূমিকা আলোচনা করো। ৪

https://teachingbd24.com

৯. ★ নাঈমুদ্দীন সাহেব একটি আন্তর্জাতিক সংস্থায় কাজ করেন। সংস্থাটির সদরদপ্তর নিউইয়র্কে। সংস্থাটি শিশুদের নিয়ে কাজ করে। শিশুদের স্বাস্থ্য ও শিক্ষার উন্নয়নে সংস্থাটি লেখাপড়ার সরঞ্জাম সরবরাহ করে, রোগ প্রতিরোধক টিকা প্রদান করেন, মেয়েদের সচেতনতামূলক প্রশিক্ষণ দেয়। ফলে শিশুরা রোগমুক্ত জীবন-যাপন করতে পারে।

ক. MDG –এর পূর্ণরূপ কী? ১

খ. ওয়ার্ল্ড ভিশন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকে উল্লিখিত সংস্থাটিকে বিশ্বব্যাপী শিশুকল্যাণের ভিত্তি বলা হয়' ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশে উক্ত সংস্থার কার্যক্রম আলোচনা করো। ৪

১০. ▶ মি. 'ক' প্রথম স্ত্রীর বিনা অনুমতিতে দ্বিতীয় বিয়ে করেন। ফলে 'ক'-এর স্ত্রীর সাথে তার বাকবিতণ্ডা শুরু হয়। একপর্যায়ে মি. 'ক' তার স্ত্রীকে মৌখিকভাবে তিন তালাক দেন। তার স্ত্রী আদালতে মামলা করেন। এখন মামলাটি বিচারাধীন।

ক. যৌতুক কী? ১

খ. নারী নির্যাতন বলতে কী বোঝায়? ২

গ. উদ্দীপকের ঘটনায় 'ক'-এর স্ত্রী কোন আইনের আশ্রয় নিতে পারে? ব্যাখ্যা করো। ৩

ঘ. বাংলাদেশের নারীদের দাম্পত্য ও পারিবারিক জীবন রক্ষা করার ক্ষেত্রে উক্ত আইনের ধারাগুলো কীভাবে ভূমিকা রাখে তা আলোচনা করো। ৪

১১. ★ রহিমের গ্রামে অনেক শিক্ষিত যুবক প্রচলিত মজুরিতে কাজ করার ইচ্ছা থাকা সত্ত্বেও কাজ পায় না। গ্রামে যুবকরা অনেক নেতিবাচক কার্যক্রম-এর সাথে জড়িয়ে পড়ছে। গ্রামবাসী সম্মিলিত প্রচেষ্টার মাধ্যমে উক্ত সমস্যা মোকাবিলা করার চেষ্টা করছে।

ক. সমস্যা কী? ১

খ. সামাজিক সমস্যা বলতে কী বোঝায়? ২

গ. 'রহিমের গ্রামের যুবকদের কাজ না পাওয়া একটি সামাজিক সমস্যা'— ব্যাখ্যা করো। ৩

ঘ. উদ্দীপকে উল্লিখিত বিষয়ের আলোকে সামাজিক সমস্যার বৈশিষ্ট্য আলোচনা করো। ৪

Teachingbd24.com

## বিষয় ঃ সমাজকর্ম-দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৭ | ২ |

সময়- ৩০ মিনিট

বহুনির্বাচনি প্রশ্ন

পূর্ণমান: ৩০

[বিশেষ দ্রষ্টব্য : সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হইতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১। সকল প্রশ্নের উত্তর দিতে হবে]

১. ★ মৌলিক চাহিদা কয়টি?
ক) ২ খ) ৩
গ) ৫ ঘ) ৬

২. অষ্টম হেনরী আইন কত সালে প্রণীত হয়?
ক) ১৩৪১ খ) ১৫৩১
গ) ১৬৩১ ঘ) ১৭৩১

৩. ★ ইংল্যান্ডের রানি প্রথম এলিজাবেথ কত সালে সিংহাসনে বসেন?
ক) ১৫৪৮ খ) ১৫৫৮
গ) ১৫৬৮ ঘ) ১৫৭৮

৪. ১৫৭৬ সালে কাদের জন্য সংশোধনাগার তৈরি হয়?
ক) বৃদ্ধদের খ) ভিক্ষুকদের
গ) যুবকদের ঘ) মহিলাদের

৫. ★ আর্থার গ্রিনউড কোন পার্টির মন্ত্রী ছিলেন?
ক) লেবার পার্টি খ) কনজার্ভেটিভ পার্টি
গ) NPP ঘ) ডেমোক্রেটিক পার্টি

৬. মৌল মানবিক চাহিদার বৈশিষ্ট্য হলো—
i. সার্বজনীন
ii. কালের পরিক্রমায় পরিবর্তন হয়
iii. স্থান বা দেশভেদে পার্থক্য হয়
নিচের কোনটি সঠিক?
ক) i খ) i ও ii
গ) i ও iii ঘ) i, ii ও iii

**নিচের উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও:**
১৪ বছর বয়সী মিথিলার সাথে ২৮ বছর বয়সী রহিমের বিয়ে হয়। ১৬ বছর বয়সে মিথিলা ১ম সন্তান জন্ম দেন। ফলে তার স্বাস্থ্য ভেঙে পড়ে এবং দাম্পত্য সম্পর্কে বিশৃঙ্খলা দেখা দেয়।

৭. সমস্যাটির সাথে জড়িত সামাজিক সমস্যা হলো—
i. বাল্য বিবাহ ii. অতিরিক্ত জনসংখ্যা
iii. যৌতুক
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও ii ঘ) ii ও iii

৮. উদ্দীপকে উল্লিখিত সমস্যার সাথে নিচের কোন সমস্যার সম্পর্ক নেই?
ক) অটিজম খ) নিরক্ষরতা
গ) জনসংখ্যা বৃদ্ধি ঘ) অল্প বয়সে পিতৃত্ব

৯. ★ হিন্দু বিবাহ আইন কত সালে প্রণীত হয়?
ক) ২০০০ খ) ২০১০
গ) ২০১২ ঘ) ২০১৫

১০. ★ নিরক্ষরতার ফলে কোনটি সৃষ্টি হয়?
ক) অজ্ঞতা খ) কুসংস্কার
গ) বেকারত্ব ঘ) সবগুলোই

১১. মুসলিম পারিবারিক আইনে উল্লেখ আছে—
i. বিবাহের বয়স
ii. দেনমোহর
iii. খোরপোশ ভাতা
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও ii ঘ) i, ii ও iii

১২. ১৯৭৪ সালে প্রণীত আইনটি কাদের জন্য—
ক) যুবক খ) বৃদ্ধ
গ) শিশু ঘ) মহিলা ও শিশু

১৩. ★ জাতিসংঘের বিশেষায়িত শাখা নয় কোনটি?
ক) UNDP খ) UNICEF
গ) FAO ঘ) Red Crecent

১৪. বাংলাদেশী কোন সংস্থা ১৯৭১ সালে ভারতে ত্রাণ কার্যক্রম পরিচালনা করে?
ক) ব্র্যাক খ) আশা
গ) প্রশিকা ঘ) গ্রামীণ ব্যাংক

১৫. জোবরা গ্রাম কোন ব্যাংকের সাথে সম্পর্কযুক্ত?
ক) ব্র্যাক ব্যাংক খ) গ্রামীণ ব্যাংক
গ) ফারমার্স ব্যাংক ঘ) মার্কেন্টাইল ব্যাংক

১৬. ★ সামাজিক প্রতিবন্ধী কারা?
ক) অন্ধ খ) পাগল
গ) জেলফেরত ব্যক্তি ঘ) দরিদ্র ব্যক্তি

Teachingbd24.com

১৭. রেডক্রস সোসাইটির প্রতিষ্ঠাতা কে?
ⓚ আলফ্রেড মার্শাল ⓚ মাদার তেরেসা
ⓖ হেনরি ডুনান্ট ⓖ হেনরি জেকব

১৭. রেডক্রস সোসাইটির প্রতিষ্ঠাতা কে?
ক) আলফ্রেড মার্শাল খ) মাদার তেরেসা
গ) হেনরি ডুনান্ট ঘ) হেনরি জেকব

১৮. UCD-এর পূর্ণরূপ কোনটি?
ক) Urbar Community Disaster
খ) Urban Commiunity Development
গ) Urban Commonity Distress
ঘ) Urban Community District

১৯. ব্যক্তির সমস্যা সম্পর্কে বেশি জানেন—
i. ব্যক্তি নিজে
ii. সমাজকর্মী
iii. ব্যক্তির আত্মীয়-স্বজন
নিচের কোনটি সঠিক?
ক) i খ) ii
গ) i ও ii ঘ) ii ও iii

২০. ★ দরিদ্র শ্রেণির মানুষ কোন চাহিদা থেকে বঞ্চিত?
ক) খাদ্য খ) বস্ত্র
গ) বাসস্থান ঘ) চিত্তবিনোদন

২১. পুষ্টিহীনতা হচ্ছে—
i. খাদ্যে পুষ্টি উপাদানের অভাব
ii. খাদ্যের পরিমাণগত স্বল্পতা
iii. পুষ্টিজ্ঞানের অভাব
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২২. ★ প্রাচীনকালে সমাজকল্যাণের মূল প্রেরণা কী ছিল?
ক) সামাজিক প্রতিপত্তি
খ) দর্শন
গ) সম্মান লাভ
ঘ) ধর্মীয় অনুশাসন ও মূল্যবোধ

২৩. ★ কোন শহরে প্রথম দান সংগঠন সম্মেলন অনুষ্ঠিত হয়?
ক) শিকাগো খ) প্যারিস
গ) লন্ডন ঘ) জেনেভা

২৪. বাংলাদেশের মাদকাসক্তির প্রধান কারণ হলো—
i. প্রচার প্রচারণার অভাব
ii. আইন প্রয়োগের অভাব
iii. প্রশাসনিক শিথিলতা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) ii ও iii
গ) i ও iii ঘ) i, ii ও iii

২৫. বিভারিজ রিপোর্ট কত সালে প্রণীত হয়?
ক) ১৮৪২ খ) ১৯৪৩
গ) ১৯৫৩ ঘ) ১৯৪২

২৬. ★ প্লেগ রোগ ইংল্যান্ডে কত সালে ছড়িয়ে পড়ে?
ক) ১৩৪৮ খ) ১৪৪৮
গ) ১৩৫৮ ঘ) ১৪৫৮

২৭. ★ সর্বপ্রথম শ্রমিক আইন প্রণয়ন করেন কে?
ক) দ্বিতীয় এডওয়ার্ড খ) তৃতীয় এডওয়ার্ড
গ) তৃতীয় জর্জ ঘ) দ্বিতীয় জর্জ

২৮. শ্রমিক আইন প্রথম কোন সালে প্রণীত হয়?
ক) ১৩৪৯ খ) ১৩৫৯
গ) ১৩৬৯ ঘ) ১৩৭৯

নিচের উদ্দীপকটি পড়ে ২৯ ও ৩০নং প্রশ্নের উত্তর দাও:

টেকনাফে বেড়াতে গিয়ে ২০ বছরের রফিক দেখল তার বয়সের অনেকে ইয়াবা ব্যবসার সাথে জড়িত। ভয়ংকর অপরাধ জেনেও তারা এটি করে।

২৯. ইয়াবা ব্যবসার কারণ কী?
ক) হতাশা খ) বেকারত্ব
গ) সঙ্গ দোষ ঘ) সবগুলোই

৩০. উদ্দীপকের রফিকের সামাজিক পরিচয় কী?
ক) শিশু খ) কিশোর
গ) যুবক ঘ) প্রৌঢ়

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | খ | ২ | খ | ৩ | খ | ৪ | গ | ৫ | ক | ৬ | ক | ৭ | গ | ৮ | ঘ | ৯ | গ | ১০ | ঘ | ১১ | গ | ১২ | গ | ১৩ | ঘ | ১৪ | ক | ১৫ | খ |
| | ১৬ | গ | ১৭ | গ | ১৮ | খ | ১৯ | ক | ২০ | ঘ | ২১ | ক | ২২ | ঘ | ২৩ | গ | ২৪ | খ | ২৫ | ঘ | ২৬ | ক | ২৭ | খ | ২৮ | ক | ২৯ | ঘ | ৩০ | গ |

https://teachingbd24.com